**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

# BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSC–101T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ]**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

**সময় : ৩ ঘণ্টা**

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **দুটি** প্রশ্ন নিয়ে মোট **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

### UNIT—I

১। 'চর্যাপদ' কে, কোথা থেকে আবিষ্কার করেন?

২। 'চর্যাপদ'-এ মোট কতজন পদকর্তার নাম পাওয়া যায়? 'চর্যাপদ'-এর আদি পদকর্তার নাম কী?

৩। 'শ্রীকৃষ্ণকীর্তন' গ্রন্থটি কে, কোথা থেকে প্রথম প্রকাশ করেছিলেন?

## UNIT—II

৪। মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যটি আর কী নামে পরিচিত? কে তাঁকে গুণরাজ খাঁ উপাধি দেন?

৫। কবি কৃত্তিবাসের পিতা-মাতার নাম লেখো।

৬। কাশীরাম দাস কোন্ গ্রামের অধিবাসী ছিলেন? তাঁর গুরুর নাম কী?

## UNIT—III

৭। 'মনসামঙ্গল'-এর আদি কবি কে? প্রাক্-চৈতন্য যুগের 'মনসামঙ্গল'-এর যে কোনো একজন কবির নাম লেখো।

৮। কালকেতু ও ফুল্লরা স্বর্গের কোন্ শাপভ্রষ্ট দেব-দেবী?

৯। ভারতচন্দ্র কোন্ রাজার সভাকবি ছিলেন? তাঁর কাব্যে মোট কয়টি খণ্ড আছে?

## UNIT—IV

১০। বৃন্দাবন দাস রচিত চৈতন্য-জীবনীকাব্যের নাম কী? গ্রন্থটি কয়টি খণ্ডে বিভক্ত?

১১। বাংলায় শ্রেষ্ঠ চৈতন্য-জীবনীকাব্য কোনটি? এর রচয়িতা কে?

১২। বিদ্যাপতি কোন্ শতকের কবি ছিলেন? তাঁর রচিত পদগুলি কোন্ ভাষায় লিখিত?

UNIT—V

১৩। দৌলত কাজী কোথায় জন্মগ্রহণ করেন? তিনি কোন্ রাজার রাজসভায় সভাকবির পদ অলঙ্কৃত করেছিলেন?

১৪। আলাওলের যে কোনো দুটি কাব্যের নাম লেখো।

১৫। রামপ্রসাদ সেনের উপাধি কী ছিল? তিনি কোথায় জন্মগ্রহণ করেছিলেন?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

UNIT—I

১৬। 'চর্যাপদ'-এ নিম্নবর্গীয় সমাজের যে পরিচয় পাওয়া যায় তার বিবরণ দাও।

১৭। 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

UNIT—II

১৮। 'রামায়ণ' অনুবাদে কৃত্তিবাসের জনপ্রিয়তার কারণগুলি সূত্রায়িত করো।

১৯। 'মহাভারত' অনুবাদে কাশীরাম দাসের কবি-কৃতিত্বের পরিচয় দাও।

### UNIT—III

২০। 'মনসামঙ্গল' কাব্যের কবি বিজয়গুপ্তের কবি-কৃতিত্ব নিরূপণ করো।

২১। 'অন্নদামঙ্গল' কাব্যটি বাংলা মঙ্গলকাব্যের ধারায় কেন অভিনব, আলোচনা করো।

### UNIT—IV

২২। বৃন্দাবন দাসের কবি-প্রতিভার পরিচয় দাও।

২৩। বৈষ্ণবপদ রচনায় চণ্ডীদাসের কবি-কৃতিত্ব নিরূপণ করো।

### UNIT—V

২৪। মধ্যযুগের বাংলা সাহিত্যে কবি দৌলত কাজীর কবি-কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো।

২৫। শাক্তপদ রচনায় কমলাকান্তের স্বাতন্ত্র্য আলোচনা করো।

★ ★ ★

**2023/FYUG/ODD/SEM/**
**BNGDSC–102T/114**

**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGDSC–102T

**[ বাংলা সাহিত্যের ইতিহাস (উনিশ শতক) ]**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **দুটি** প্রশ্ন নিয়ে **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

UNIT—I

১। ফোর্ট উইলিয়াম কলেজ কোথায়, কবে প্রতিষ্ঠিত হয়?

২। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের প্রথম প্রকাশিত গ্রন্থ কোনটি? এটি কবে প্রথম প্রকাশিত হয়?

৩। উনিশ শতকের প্রথম পর্বের দুটি বাংলা সাময়িকপত্রের নাম লেখো।

UNIT—II

৪। কবি ঈশ্বরগুপ্তের জন্ম কোথায় হয়েছিল? তিনি কোন্ পত্রিকা সম্পাদনা করতেন?

৫। মধুসূদন দত্তের জন্মসন লেখো। তাঁর প্রথম কাব্যগ্রন্থের নাম কী?

৬। বিহারীলাল চক্রবর্তীর একটি কাব্যগ্রন্থের নাম লেখো। তাঁকে কী অভিধায় ভূষিত করা হয়?

UNIT—III

৭। 'নীলদর্পণ' নাটকটি কার লেখা? এটি কবে প্রথম প্রকাশিত হয়েছিল?

৮। মধুসূদন দত্তের প্রথম প্রকাশিত নাটক কোনটি? কবে প্রথম নাটকটি প্রকাশ পায়?

৯। রামনারায়ণ তর্করত্ন-এর দুটি নাটকের নাম লেখো।

UNIT—IV

১০। প্যারীচাঁদ মিত্র কোন্ ছদ্মনামে উপন্যাস লিখেছেন? 'আলালের ঘরের দুলাল' উপন্যাসের প্রকাশকাল লেখো।

১১। বঙ্কিমচন্দ্রের প্রথম উপন্যাসটি কত সালে প্রথম প্রকাশিত হয়? তিনি মোট কয়টি উপন্যাস লেখেন?

১২। স্বর্ণকুমারী দেবীর দুটি ছোটগল্পের নাম লেখো।

## UNIT—V

১৩। বিনোদিনী দাসী অভিনীত দুটি নাটকের নাম লেখো।

১৪। উনিশ শতকে প্রকাশিত দুটি আত্মজীবনীর নাম লেখো।

১৫। জীবনী ও আত্মকথার মধ্যে তফাত কোথায়, সংক্ষেপে লেখো।

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

## UNIT—I

১৬। বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের অবদান সম্পর্কে আলোচনা করো।

১৭। বাংলা গদ্যের কায়া গঠনে রাজা রামমোহন রায়-এর ভূমিকা বিষয়ে আলোকপাত করো।

## UNIT—II

১৮। কবি মধুসূদন দত্তের কাব্যকৃতির পরিচয় দাও।

১৯। বাংলা কবিতার ইতিহাসে ঈশ্বরগুপ্তের স্বাতন্ত্র্য কোথায়, আলোচনা করো।

## UNIT—III

২০। দীনবন্ধু মিত্রের নাট্যকৃতির সংক্ষিপ্ত পরিচয় দাও।

২১। নাটককার রামনারায়ণ তর্করত্ন-এর সাহিত্যকৃতি সম্পর্কে একটি নিবন্ধ প্রস্তুত করো।

## UNIT—IV

২২। ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্রের সাহিত্যকর্মের পরিচয় দাও।

২৩। বাংলা গল্পচর্চায় স্বর্ণকুমারী দেবীর অবদান বিষয়ে আলোচনা করো।

## UNIT—V

২৪। বাংলা আত্মকথামূলক রচনার ইতিহাসে শিবনাথ শাস্ত্রীর অবদান আলোচনা করো।

২৫। বাঙালি নারীর লেখা প্রথম আত্মজীবনী হিসাবে রাসসুন্দরী দাসীর আত্মকথাটির ঐতিহাসিক মূল্য নিরূপণ করো।

★★★

**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNG1DC–101T

**( উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৭০
*উত্তীর্ণমান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **চারটি** প্রশ্ন নিয়ে **কুড়িটি** প্রশ্নের উত্তর দাও : ১×২০=২০

UNIT—I

১। মধুসূদন দত্ত কোন্ কবির অনুপ্রেরণায় তাঁর চতুর্দশপদী কবিতা রচনা শুরু করেন?

২। 'কপোতাক্ষ নদ' কবিতাটি কবি কোথায় রচনা করেন?

৩। 'দ্বিগুণ আঁধার ঘর হবে, আমি জানি,
নিবাও এ দীপ যদি।'
কোন্ কবিতার অংশ ?

৪। 'চতুর্দশপদী' শব্দটির অর্থ কী ?

৫। 'চতুর্দশপদী' কবিতার প্রথম উদ্ভব কোথায় হয় ?

UNIT—II

৬। 'বিয়ে পাগলা বুড়ো' প্রথম কবে প্রকাশিত হয় ?

৭। দীনবন্ধু মিত্রের লেখা প্রথম নাটক কোনটি ?

৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের অঙ্ক কয়টি ?

৯। 'বিয়ে পাগলা বুড়ো' ছাড়া দীনবন্ধু মিত্র রচিত অন্য একটি প্রহসনের নাম লেখো।

১০। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনটি প্রথম কত সালে মঞ্চস্থ হয় ?

## UNIT—III

১১। 'কমলাকান্তের দপ্তর'-এ মোট কয়টি প্রবন্ধ আছে?

১২। 'কমলাকান্তের দপ্তর' প্রথম কত সালে প্রকাশিত হয়?

১৩। 'কমলাকান্তের দপ্তর' কাকে উৎসর্গ করা হয়েছিল?

১৪। 'কমলাকান্তের দপ্তর' কোন্ ধরনের রচনা?

১৫। কোন্ সাময়িকপত্রে 'কমলাকান্তের দপ্তর' প্রকাশিত হয়?

## UNIT—IV

১৬। 'গল্পগুচ্ছ'-এর প্রথম সংস্করণ হিসেবে কবে প্রকাশিত সংস্করণকে গণ্য করা হয়?

১৭। 'গল্পগুচ্ছ'-এর অখণ্ড সংস্করণে মোট কয়টি গল্প আছে?

১৮। রবীন্দ্রনাথের লেখা প্রথম ছোটগল্পটির নাম কী?

১৯। 'দেনাপাওনা' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

২০। রতন 'গল্পগুচ্ছ'-এর কোন্ গল্পের চরিত্র?

## UNIT—V

২১। রামমোহন রায়ের লেখা প্রথম বাংলা বইটির নাম কী?

২২। বঙ্কিমচন্দ্র লিখিত প্রথম উপন্যাসের নাম লেখো।

২৩। 'বীরাঙ্গনা কাব্য'-এ কয়টি পত্র আছে?

২৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের লেখা যে কোনো একটি মৌলিক গ্রন্থের নাম লেখো।

২৫। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কোন্ কলেজের অধ্যক্ষ ছিলেন?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **একটি** প্রশ্ন নিয়ে **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

## UNIT—I

২৬। মধুসূদনের 'চতুর্দশপদী কবিতাবলী'তে মোট কতগুলি কবিতা রয়েছে? কত খ্রিস্টাব্দে গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়?

২৭। 'বিজয়া দশমী' কবিতায় বর্ণিত মাতা ও কন্যা কে?

## UNIT—II

২৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের যে কোনো দুটি চরিত্রের নাম লেখো।

২৯। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনের প্রথম সংলাপ কোন্ চরিত্রের মুখে উচ্চারিত হয়েছে? নাটকটিতে মোট কয়টি অঙ্ক আছে?

## UNIT—III

৩০। 'কমলাকান্তের দপ্তর'-এর 'বসন্তের কোকিল' প্রথম কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

৩১। 'মনুষ্যফল' প্রবন্ধ কবে প্রকাশিত হয়? আম ফলের সঙ্গে প্রাবন্ধিক কোন্ মানুষদের তুলনা করেছেন?

## UNIT—IV

৩২। 'ছুটি' গল্পে দুজন কিশোর চরিত্রের নাম লেখো।

৩৩। সুভার সম্পূর্ণ নামটি কী? প্রতাপ তাকে কী নামে ডাকতো?

## UNIT—V

৩৪। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত দুটি অনুবাদ গ্রন্থের নাম লেখো।

৩৫। বাংলা মহাকাব্যধারার দুজন কবির নাম উল্লেখ করো।

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে যে কোনো **একটি** প্রশ্ন নিয়ে **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৮×৫=৪০

### UNIT—I

৩৬। 'কৃত্তিবাস' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

৩৭। 'কপোতাক্ষ নদ' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় লেখো।

### UNIT—II

৩৮। 'বিয়ে পাগলা বুড়ো' প্রহসনে সমাজের যে অবক্ষয় দেখানো হয়েছে তা আলোচনা করো।

৩৯। প্রহসন হিসেবে 'বিয়ে পাগলা বুড়ো'-র সার্থকতা আলোচনা করো।

### UNIT—III

৪০। রম্যরচনা হিসেবে 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটিকে পর্যালোচনা করো।

৪১। 'বিড়াল' প্রবন্ধের মূল ভাব তোমার নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

## UNIT—IV

৪২। 'দেনাপাওনা' গল্পে পণপ্রথার যে চিত্র উপস্থাপিত হয়েছে তা আলোচনা করো।

৪৩। 'পোস্টমাস্টার' গল্পের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

## UNIT—V

৪৪। বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

৪৫। ঔপন্যাসিক হিসাবে বঙ্কিমচন্দ্রের অবদান আলোচনা করো।

★★★

2023/FYUG/ODD/SEM/
BNGSEC–101T/116

**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGSEC–101T

**( সংযোগের রূপ-রীতি, পাণ্ডুলিপি প্রস্তুতি ও প্রতিবেদন লেখন )**

*পূর্ণমান* : ৫০
*উত্তীর্ণমান* : ২০
*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

প্রতিটি ইউনিট থেকে যে কোনো তিনটি প্রশ্ন নিয়ে পনেরোটি প্রশ্নের উত্তর দাও : ১×১৫=১৫

UNIT—I

১। সংলাপ-এর ইংরেজি পরিভাষাটি কী?

২। 'Communication' শব্দটির বাংলা অর্থ কী?

৩। মৌখিক সংযোগের একটি উদাহরণ দাও।

৪। তথ্যদাতার সংখ্যা অনুসারে সাক্ষাৎকারকে কত ভাগে ভাগ করা যায়?

## UNIT—II

৫। 'নথি' শব্দের অর্থ লেখো।

৬। সরকারি নথির একটি উদাহরণ দাও।

৭। সম্প্রসারণ কাকে বলে?

৮। যিনি ইতিহাস রচনা করেন তাঁকে কী বলা হয়?

## UNIT—III

৯। পাণ্ডুলিপির ইংরেজি পরিভাষাটি কী?

১০। আশ্চর্যবোধক বা বিস্ময়সূচক চিহ্ন কোনটি?

১১। উদ্ধৃতি চিহ্নের পূর্বে সাধারণত কোন্ বিরাম চিহ্নের ব্যবহার হয়?

১২। প্রত্যক্ষ উক্তির ক্ষেত্রে কোন্ বিরাম চিহ্ন বসে?

## UNIT—IV

১৩। 'পঞ্জি' শব্দের অর্থ কী?

১৪। উৎসের ভিত্তিতে তথ্যকে কত ভাগে ভাগ করা যায়?

১৫। তথ্যসূত্র গবেষণাপত্র বা গ্রন্থের শেষে থাকে, না অধ্যায়ের শেষে থাকে?

১৬। গ্রন্থপঞ্জির ইংরেজি প্রতিশব্দ কী?

## UNIT—V

১৭। যিনি প্রতিবেদন লেখেন তাঁকে কী বলা হয়?

১৮। ইংরেজি Report-এর বাংলা পরিভাষা কী?

১৯। বন্ধু-বান্ধবকে লেখা পত্রকে কী ধরনের পত্র বলা হয়?

২০। যার কাছে পত্র লেখা হয় তাকে বলা হয়—প্রাপক না প্রেরক?

প্রতিটি ইউনিট থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

## UNIT—I

২১। সাক্ষাৎকার বলতে কী বোঝো?

২২। একক কথন কাকে বলে?

## UNIT—II

২৩। টীকা লেখো : ই-নথি।

২৪। টীকা লেখো : সংকোচন।

UNIT—III

২৫। পাণ্ডুলিপি বলতে কী বোঝো?

২৬। যে কোনো দুটি বিরাম চিহ্নের নাম উল্লেখ করো।

UNIT—IV

২৭। গ্রন্থপঞ্জি লিখনের দুটি রীতির নামোল্লেখ করো।

২৮। অপ্রকাশিত তথ্য বলতে কী বোঝো?

UNIT—V

২৯। প্রতিবেদন কয় প্রকার ও কী কী?

৩০। টীকা লেখো : বাণিজ্যিক পত্র।

প্রতিটি ইউনিট থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও :

৫×৫=২৫

UNIT—I

৩১। সংযোগের যে কোনো একটি প্রকারভেদ সম্পর্কে আলোচনা করো।

৩২। সাক্ষাৎকারের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

UNIT—II

৩৩। নথিকরণের গুরুত্ব আলোচনা করো।

৩৪। ভাব-সম্প্রসারণ করো :

কেরোসিন শিখা বলে মাটির প্রদীপে
ভাই বলে ডাকো যদি দেব গলা টিপে
হেনকালে আকাশেতে উঠিলেন চাঁদা
কেরোসিন শিখা বলে এসো মোর দাদা।

UNIT—III

৩৫। পাণ্ডুলিপি তৈরির পর্যায়গুলির পরিচয় দাও।

৩৬। উদাহরণসহ যে কোনো পাঁচ প্রকার বিরাম চিহ্নের পরিচয় দাও।

UNIT—IV

৩৭। প্রাথমিক তথ্য সংগ্রহের পদ্ধতিগুলির পরিচয় দাও।

৩৮। গ্রন্থপঞ্জি তৈরির উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করো।

UNIT—V

৩৯। আবেদনপত্র লেখার পর্যায়গুলির ক্রমানুযায়ী পরিচয় দাও।

৪০। 'বনাঞ্চল সংরক্ষণের প্রয়োজনীয়তা'—বিষয়ে একটি প্রতিবেদন প্রস্তুত করো।

★★★

**FYUG Odd Semester Exam., 2023**
**( Held in 2024 )**

BENGALI

**( 1st Semester )**

Course No. : BNGAEC–101T

**( ভাষাতত্ত্ব ও উনিশ শতকের বাংলা সাহিত্য )**

*পূর্ণমান* : ৫০

*উত্তীর্ণমান* : ২০

*সময়* : ২ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

SECTION—A

প্রতিটি ইউনিট থেকে যে কোনো তিনটি প্রশ্ন নিয়ে মোট পনেরোটি প্রশ্নের উত্তর দাও : ১×১৫=১৫

UNIT—I

১। মৌলিক শব্দগুলিকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়?

২। বাংলায় আগন্তুক শব্দ কত প্রকার?

৩। 'দাম' শব্দের উৎস ভাষা কোনটি?

৪। 'ইস্কাবন' শব্দটি বাংলায় কোন্ ভাষা থেকে এসেছে?

UNIT—II

৫। কোন্ রীতিতে সর্বনামের সম্পূর্ণরূপ ব্যবহৃত হয়?

৬। 'তার' শব্দটির সাধুরূপ কী?

৭। 'হইয়াছে' শব্দটিকে চলিত ভাষায় পরিবর্তিত করো।

৮। স্বরসঙ্গতি কোন্ রীতির প্রধান বৈশিষ্ট্য?

UNIT—III

৯। পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি গৃহীত বাংলা বানানবিধি কত সালে প্রথম প্রকাশিত হয়?

১০। বাংলা বানানবিধিতে 'ঋ'-কারের পর 'স', 'শ' অথবা 'ষ'— কোন্ বর্ণটি বসে?

১১। বাংলায় স্বরবর্ণ কয়টি?

১২। 'কার্তিক' না 'কার্ত্তিক'—বাংলা অকাদেমি কোন্ বানানটি গ্রহণ করেছে?

## UNIT—IV

১৩। 'বাণীবন্দনা' কবিতার কবি কে?

১৪। রজনীকান্ত সেন কী কবি নামে পরিচিত?

১৫। 'বঙ্গভাষা' কবিতাটি কার লেখা?

১৬। "দীন-দুঃখিনী মা যে তোদের/তার বেশী আর সাধ্য নাই।" —কোন্ কবিতার অংশ?

## UNIT—V

১৭। 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রকাশকাল কত?

১৮। কপালকুণ্ডলা কার পালিতকন্যা?

১৯। "পথিক, তুমি কি পথ হারাইয়াছ"—কার উক্তি?

২০। নবকুমারের বাড়ি কোথায় ছিল?

## SECTION—B

প্রতিটি ইউনিট থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

### UNIT—I

২১। ফারসি ভাষা থেকে বাংলায় এসেছে এরূপ দুটি শব্দের উল্লেখ করো।

২২। টীকা লেখো : আগন্তুক শব্দ।

### UNIT—II

২৩। সাধুরীতি থেকে চলিতরীতিতে দুটি ক্রিয়াপদের রূপান্তর দেখাও।

২৪। সাধুরীতি থেকে চলিতরীতিতে দুটি সর্বনাম পদের রূপান্তর দেখাও।

### UNIT—III

২৫। 'কি' এবং 'কী'-এর পার্থক্য লেখো।

২৬। পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি অনুসারে বিদেশি শব্দের ক্ষেত্রে 'স', 'শ', এবং 'ষ'-এর মধ্যে কোন্ বর্ণটি বর্জিত? একটি উদাহরণ দাও।

## UNIT—IV

২৭। 'উনবিংশ শতকের গীতিকবিতা সংকলন'-এর সম্পাদকদ্বয়ের নাম লেখো।

২৮। 'স্বাধীনতা সঙ্গীত'-এর রচয়িতা কে? এটি কী ধরনের কবিতা?

## UNIT—V

২৯। 'কপালকুণ্ডলা' উপন্যাসের নায়ক-নায়িকার নাম উল্লেখ করো।

৩০। 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ডে মোট কয়টি পরিচ্ছেদ আছে? প্রথম পরিচ্ছেদের শিরোনাম কী?

## SECTION—C

প্রতিটি ইউনিট থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৫=২৫

## UNIT—I

৩১। বাংলা শব্দভাণ্ডারের অন্তর্গত **তদ্ভব** শব্দগুলির পরিচয় দাও।

৩২। বাংলা শব্দভাণ্ডারে গৃহীত বিদেশি মূলের শব্দগুলির পরিচয় দাও।

## UNIT—II

৩৩। সাধুরীতির পাঁচটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩৪। উদাহরণসহ সাধুরীতি থেকে চলিতরীতিতে রূপান্তরের পাঁচটি নিয়মের উল্লেখ করো।

## UNIT—III

৩৫। পশ্চিমবঙ্গ বাংলা অকাদেমি গৃহীত বাংলা বানানবিধির পাঁচটি বৈশিষ্ট্য লেখো।

৩৬। অশুদ্ধি সংশোধন করো (যে কোনো পাঁচটি) :

কাহিনি ; বাল্মীকী ; মুহর্ত ; পুথী ; পিপিলিকা ; সশধর ; মুমুর্ষু।

## UNIT—IV

৩৭। 'বঙ্গভাষা' কবিতাটির মর্মার্থ লেখো।

৩৮। 'স্বাধীনতা সঙ্গীত' কবিতায় ব্যক্ত কবির দেশাত্মবোধের পরিচয় দাও।

UNIT—V

৩৯। নবকুমার ও কপালকুণ্ডলার বিবাহ সংঘটনে অধিকারীর ভূমিকা আলোচনা করো।

৪০। 'কপালকুণ্ডলা' উপন্যাসের প্রথম খণ্ড অবলম্বনে নবকুমার চরিত্রটি বিশ্লেষণ করো।

★★★